# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 21-03-2026** **Time: 1.40 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১) নির্বাচন কমিশন রাজ্যে মোট ২ হাজার ৪০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পরিকল্পনা করেছে।

২) আসন্ন বিধানসভা ভোটকে সামনে রেখে নির্বাচন কমিশন, ইভিএম ও ভিভিপ্যাট বণ্টন প্রক্রিয়ার প্রথম ধাপের কাজ শেষ করেছে।

৩) আর জি কর হাসপাতালে লিফটকান্ডে মৃত্যুর ঘটনায় কর্তৃপক্ষের রিপোর্ট তলব স্বাস্থ্য দপ্তরের।

৪) রোজ ভ্যালি আর্থিক দুর্নীতি কাণ্ডে ক্ষতিগ্রস্ত বিনিয়োগকারীদের আরেক দফা টাকা ফেরত দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে।

৫) আজ খুশির ঈদ। রমজান মাসের সিয়াম কৃচ্ছসাধনার পর ঈদের আনন্দে মেতে উঠেছেন ইসলাম ধর্মের নাগিরকেরা।

৬) ঘূর্ণাবর্ত ও বঙ্গোপসাগর থেকে জলীয় বাষ্প ঢোকায় রাজ্যের বিভিন্ন জেলায় দফায় দফায় বৃষ্টি হচ্ছে।

---

আগামী বিধানসভা ভোটে নজিরবিহীন নিরাপত্তা ব্যবস্থা নিতে চলেছে নির্বাচন কমিশন। কমিশন সূত্রে জানা গিয়েছে, রাজ্যে মোট ২৪০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পরিকল্পনা করা হয়েছে। রাজ্যে নির্বাচন পরবর্তী হিংসার ইতিহাস মাথায় রেখেভোটপর্ব শেষ হওয়ার পরেও উল্লেখযোগ্য সংখ্যক বাহিনী রাজ্যে রেখে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ২৯ এপ্রিলের পরেও প্রায় ৭০০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী রাজ্যে থাকবে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে।

এর মধ্যে ইভিএমের নিরাপত্তার জন্য আলাদা করে ২০০ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে। স্ট্রং রুম ও ইভিএম সংরক্ষণ কেন্দ্রগুলির নিরাপত্তায় এই বাহিনী দায়িত্বে থাকবে।

অন্যদিকে, আইনশৃঙ্খলা পরিস্থিতি বজায় রাখতে আরও ৫০০ কোম্পানি বাহিনী মোতায়েন করা হবে। ভোট-পরবর্তী পরিস্থিতিতে কোনও অশান্তি এড়াতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে কমিশন সূত্রে খবর।

---------------------

আসন্ন বিধানসভা ভোটকে সামনে রেখে নির্বাচন কমিশন, ইভিএম ও ভিভিপ্যাট বণ্টন প্রক্রিয়ার প্রথম ধাপ সম্পন্ন করেছে। কমিশন জানিয়েছে, প্রথম পর্যায়ের র‍্যান্ডমাইজেশন ইতিমধ্যেই শেষ হয়েছে এবং সংশ্লিষ্ট তালিকা রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের হাতে তুলে দেওয়া হয়েছে। কমিশনের নিয়ম অনুযায়ী, ইভিএম বণ্টন দুই ধাপে র‍্যান্ডমাইজেশনের মাধ্যমে করা হয়। প্রথম ধাপে জেলা স্তরের গুদাম থেকে এলোমেলো ভাবে ইভিএম বিভিন্ন বিধানসভা কেন্দ্রে বরাদ্দ করা হয়। দ্বিতীয় ধাপে সেখান থেকে আবার এলোমেলো ভাবে নির্দিষ্ট বুথে ইভিএম পাঠানো হয়। নির্দেশ অনুযায়ী, প্রথম স্তরের পরীক্ষা বা এফএলসি উত্তীর্ণ ইভিএমগুলিকেই এই র‍্যান্ডমাইজেশন

প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করা হয়েছে। জেলা নির্বাচন আধিকারিকরা রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের উপস্থিতিতে এই প্রক্রিয়া সম্পন্ন করেছেন।

কমিশন জানিয়েছে, র‍্যান্ডমাইজ করা ইভিএম ও ভিভিপ্যাটের কেন্দ্রভিত্তিক তালিকা ইতিমধ্যেই জাতীয় ও রাজ্যস্তরের স্বীকৃত রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের দেওয়া হয়েছে। এছাড়াও, এই ইভিএমগুলি সংশ্লিষ্ট বিধানসভা কেন্দ্রের স্ট্রং রুমে রাজনৈতিক দলগুলির প্রতিনিধিদের উপস্থিতিতেই সংরক্ষণ করা হবে। মনোনয়ন প্রক্রিয়া শেষ হয়ে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশের পর দ্বিতীয় পর্যায়ের র‍্যান্ডমাইজেশন করা হবে এবং সেই তালিকাও প্রার্থীদের সঙ্গে ভাগ করে নেওয়া হবে বলে জানিয়েছে কমিশন।

---------------------

নির্বাচন কমিশন রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রচারে রেডিও, টেলিভিশন ও সংবাদপত্রের পাশাপাশি সামাজিক মাধ্যমে রাজনৈতিক বিজ্ঞাপনের উপরও নজরদারি চালাবে। কমিশনের নির্দেশ অনুযায়ী, কোনও রাজনৈতিক দল, প্রার্থী বা সংগঠন, মিডিয়া সার্টিফিকেশন অ্যান্ড মনিটরিং কমিটি, MCMC-র আগাম অনুমোদন ছাড়া সমাজ মাধ্যমে কোনও রাজনৈতিক বিজ্ঞাপন দিতে পারবে না। টিভি, রেডিও, ই-পেপার, পাবলিক ডিসপ্লে, বাল্ক এসএমএস বা ভয়েস মেসেজের মতোই সোশ্যাল মিডিয়ার ক্ষেত্রেও এই নিয়ম বাধ্যতামূলক করা হয়েছে।

নির্দেশিকায় বলা হয়েছে, মনোনয়ন জমা দেওয়ার সময় সমাজ মাধ্যমে প্রার্থীদের মূল অ্যাকাউন্টের বিবরণ হলফনামায় জানাতে হবে। পাশাপাশি নির্বাচনী প্রচারে ইন্টারনেট ও সামাজিক মাধ্যমের জন্য খরচের বিস্তারিত হিসেবও নির্দিষ্ট সময়ের মধ্যে কমিশনের কাছে জমা দিতে হবে।

পেইড নিউজ বা ভুয়ো প্রচার রুখতে এমসিএমসি-কে কড়া নজরদারির নির্দেশ দেওয়া হয়েছে। সন্দেহজনক বিজ্ঞাপন বা সংবাদ চিহ্নিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলেও জানিয়েছে কমিশন।

জেলা ও রাজ্য স্তরে পৃথকভাবে MCMC গঠন করা হয়েছে। প্রার্থীরা জেলা স্তরের কমিটির কাছে আবেদন করতে পারবেন। রাজ্য স্তরের রাজনৈতিক দলগুলি আবেদন করবে রাজ্য এমসিএমসি-র কাছে। এছাড়াও বিশেষ প্রয়োজন মেটতে মুখ্য নির্বাচনী আধিকারিকের নেতৃত্বে পৃথক আপিল কমিটি থাকবে।

----------------------

আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে লিফ্ট আটকে মৃত্যুর ঘটনায় হাসপাতাল কর্তৃপক্ষের কাছ থেকে রিপোর্ট তলব করল স্বাস্থ্য দফতর। কী কারণে এই দুর্ঘটনা ঘটলো, কার গাফিলতি রয়েছে, সে ব্যাপারে হাসপাতাল কর্তৃপক্ষকে বিশদে রিপোর্ট দিতে হবে। স্বাস্থ্য দফতরের এক শীর্ষ কর্তা জানান, ইতিমধ্যেই প্রাথমিক রিপোর্ট দিয়েছে হাসপাতাল কর্তৃপক্ষ। তা খতিয়ে দেখা হচ্ছে। তবে বিস্তারিত রিপোর্ট দেখে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে বলে স্বাস্থ্য দফতর সূত্রে জানা গেছে। এই ধরনের কোনো গাফিলতি বরদাস্ত করা হবে না বলে ওই আধিকারিক জানিয়েছেন।

----------------------

RG Kar হাসপাতালের ট্রমা কেয়ার সেন্টারে লিফট আটকে এক ব্যক্তির মৃত্যুর ঘটনায় পুলিশ লিফটম্যান সহ ৫ জনকে গ্রেপ্তার হয়েছে। এদের মধ্যে তিনজন লিফ্ট ম্যান এবং দু'জন নিরাপত্তা রক্ষী। ধৃতদের আজ আদালতে তোলা হচ্ছে।

গতকাল ভোরে দমদমের বাসিন্দা অরূপ বন্দোপাধ্যায় তাঁর শিশুপুত্রের চিকিৎসার জন্য RG Kar হাসপাতালে যান। স্ত্রী ও পুত্র কে নিয়ে লিফটে করে ওপরে যাওয়ার

সময় যান্ত্রিক গোলোযোগের জন্য সেটি বারবার ওঠানামা শুরু করে। তখনই লিফট ও দেওয়ালের মাঝখানে আটকে যান অরূপবাবু। বেশ কিছুক্ষণ চিৎকার চেঁচামেচির পর'ও লোহার গ্রিল তালাবন্ধ থাকায়, তাঁরা কেউই বেরোতে পারেন নি। বারবার সাহায্য চাওয়া হলেও, কোন কর্মী বা লিফটম্যান না থাকায় তাঁদের উদ্ধার করা সম্ভব হয়নি। ময়না তদন্তের প্রাথমিক রিপোর্টে, অরূপ বাবুর পাঁজরের সব হাড় ভাঙা এবং কিডনী, লিভার ও হার্ট ফেটে যাওয়ার খবর পাওয়া গেছে।

মৃতের বাবা এই ঘটনায় সরাসরি হাসপাতাল কর্তৃপক্ষের বিরুদ্ধে খুনের অভিযোগ তুলেছেন।

(বাইট- লিফটে মৃতের বাবা)

বিজেপি, এই ঘটনার তীব্র নিন্দা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেছেন, স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীকে এর দায় নিতে হবে।

(বাইট- শুভেন্দু)

---------------------

রোজ ভ্যালি আর্থিক দুর্নীতি কাণ্ডে ক্ষতিগ্রস্ত বিনিয়োগকারীদের আজ থেকে আরেক দফা টাকা ফেরত দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। কলকাতা হাইকোর্টের গঠিত অ্যাসেটস ডিসপোজাল কমিটি (এডিসি) ষোড়শ ধাপে ১২ হাজারের বেশি বিনিয়োগকারীকে প্রায় ৮ কোটি ৪৬ লক্ষ টাকা ফেরত দেবে। যাঁদের দাবি যাচাই করে সঠিক বলে প্রমাণিত হয়েছে, তাঁরা এই অর্থ পাবেন বলে এডিসির তরফে জানানো হয়েছে। এডিসি সূত্রে জানা গিয়েছে, মোট ২৩ হাজার ১৮৬টি দাবির মধ্যে যাচাইয়ের পর ১২ হাজার ১১৬টি দাবি সঠিক বলে পাওয়া গিয়েছে। বাকি ১১ হাজার ৭০টি দাবিতে বিভিন্ন

ত্রুটি ধরা পড়েছে। সেই সব ক্ষেত্রে সংশোধনের জন্য আবেদনকারীদের জানানো হয়েছে। কিছু দাবির ক্ষেত্রে এখনও বিশ্লেষণ প্রক্রিয়া চলছে। বর্তমানে প্রতিটি দাবির ক্ষেত্রে সর্বোচ্চ ১০ হাজার ২০০ টাকা পর্যন্ত ফেরত দেওয়া হচ্ছে।

এডিসির চেয়ারম্যান অবসরপ্রাপ্ত বিচারপতি ডি কে শেঠ জানিয়েছেন, যাঁরা এখনও দাবি জমা দেননি, তাঁরা দ্রুত এডিসির ওয়েবসাইটে সঠিক নথি আপলোড করতে বলা হয়েছে। এতে ভবিষ্যতে আরও বেশি সংখ্যক বিনিয়োগকারীকে অর্থ ফেরত দেওয়া সম্ভব হবে।

---------------------

কলকাতা হাইকোর্ট, আগামী ২৬ মার্চ হাওড়ায় রামনবমীর শোভাযাত্রায় অনুমতি দিয়েছে। গত বছর যে পথে শোভাযাত্রা হয়েছিল এ বছর শর্ত সাপেক্ষে সেই রাস্তাতেই শোভাযাত্রা করার অনুমতি দেওয়া হয়েছে। বিচারপতি সৌগত ভট্টাচার্য এক নির্দেশে জানিয়েছেন, শোভাযাত্রায় ৫০০ জনের বেশি সদস্য থাকা চলবে না। লিফলেট বিলি করে আগে থেকে প্রচার করতে পারবে আয়োজক বিশ্বহিন্দু পরিষদ। সংগঠনের যে ১৫ জন সদস্য এই র‍্যালির দায়িত্ব নেবেন, তাদের আগে থেকে পুলিশকে ফোন নম্বর জানাতে হবে। কোনো অস্ত্রশস্ত্র নিয়ে র‍্যালি করা যাবে না। দেওয়া যাবে না কোনো সাম্প্রদায়িক উত্তেজনা পূর্ণ শ্লোগানও। পতাকা, ব্যানার জাতীয় বস্তু থাকলেও কোনো ধাতব জিনিস নিয়ে শোভাযাত্রায় অংশ নেওয়া যাবে না। মিছিলের সামনে ও পিছনে থাকার গাড়ির নিরাপত্তার বন্দোবস্ত পুলিশকেই করতে হবে। বিকেল তিনটে থেকে শুরু হয়ে শোভাযাত্রা সন্ধ্যে ৬ টার মধ্যে শেষ করারও নির্দেশ দিয়েছে আদালত।

মামলার পরবর্তী শুনানি পয়লা এপ্রিল। ঐ দিন রাজ্য সরকারকে এ সংক্রান্ত প্রতিবেদন দিতে হবে বলে নির্দেশ দিয়েছেন বিচারপতি সৌগত ভট্টাচার্য।

---------------------

বর্ধমানের মেমারিতে ছোট চাষী ও ব্যবসায়ীরা হিমঘরে তাদের আলু নেওয়া হচ্ছে না বলে বিক্ষোভ দেখিয়েছেন। মেমারি-তারকেশ্বর রোডে গতকাল বিকেলে আলু ফেলে টায়ার জ্বালিয়ে তারা পথ অবরোধ করেন। অবরোধকারীরা অভিযোগ করেছেন, বড় ব্যবসায়ীদের থেকে আগে আলু রাখা হচ্ছে ফলে তারা সংকটে পড়ছেন। চাষীদের অভিযোগ, তৃণমূল কংগ্রেস সরকার আসার আগে এই অঞ্চলের আলু ওড়িশা সহ বিভিন্ন রাজ্যে যেত। কিন্তু এখন তা বন্ধ হয়ে গেছে। কালো বাজারের দরুণ বস্তার দাম পাঁচ টাকা থেকে বেড়ে ৫০ টাকা হয়ে গেছে।

অন্যদিকে, উৎপাদিত আলুর দামও তারা পাচ্ছে না। বিক্ষোভকারীরা মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেছেন।

---------------------

উত্তর ২৪ পরগণার বাগদার নাটাবেড়িয়ার পাঁচপোতার উদ্বাস্তু একটি পরিবারের সদস্যরা সিএএ-তে চার মাস আগে আবেদন করে নাগরিকত্বের শংসাপত্র হাতে পেয়েছেন। এর আগে এসআইআর-এর চূড়ান্ত তালিকা থেকে লক্ষ্মণ ভদ্র ও প্রেমচাঁদ ভদ্র – এই দুই ভাইয়ের মধ্যে একজনের নাম বাদ গিয়েছিল। আর একজনেরক নাম বিচারাধীন। এবার তারা নির্বাচন কমিশনের কাছে শংসাপত্র জমা দিয়ে আবেদন করতে পারেবন বলে জানিয়েছেন।

---------------------

আজ  খুশির ঈদ। রমজান মাসের সিয়াম অর্থাত্ কৃচ্ছ্রসাধনার পর ঈদের আনন্দে মেতে উঠেছেন  ইসলাম ধর্মের নাগিরকেরা। সকাল থেকেই নতুন জামা কাপড় পরে ঈদের নামাজে অংশ নিয়েছেন তাঁরা। বিভিন্ন ঈদগা ও মসজিদে বিপুল জনসমাগম লক্ষ্য করা গেছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ঈদ উল ফিতর উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।  এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন , এই উৎসব আত্মসংযম, দান এবং দরিদ্র মানুদের প্রতি সহানুভূতির বার্তা বহন করে আনে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ঈদ উল ফিতর উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।  এক সমাজ মাধ্যম বার্তায় তিনি এই উৎসব সকলের মধ্যে সৌভ্রাতৃত্বের বন্ধন আরো দৃঢ় করবে বলে আশা প্রকাশ করে সকলের সুস্বাস্থ্য ও সমৃদ্ধির প্রার্থনা করেছেন।

পশ্চিমবঙ্গের রাজ্যপাল আর এন রবি এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ঈদ উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট সহেলী

কলকাতার  রেড রোডে আজ সকালে ইদ উদযাপনে সামিল হলেন তৃণমূল নেত্রী মমতা ব্যানার্জি এবং দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি। উপস্থিত সকলকে ইদের শুভেচ্ছা জানান তাঁরা।

অন্যদিকে, গতরাতে ভবানীপুর বিধানসভা এলাকার অন্তর্গত সোলাআনা মসজিদে যান ওই কেন্দ্রের তৃণমূল প্রার্থী মমতা ব্যানার্জি। সঙ্গে ছিলেন তৃণমূল নেতা ফিরহাদ হাকিম।

এদিকে, খারাপ আবহাওয়ার দরুণ জেলাগুলিতে বৃষ্টিকে উপেক্ষা করেই ঈদের নামাজ পড়ার খবর পাওয়া গেছে।

বাঁকুড়ার ইন্দাস, ওন্দা, জয়পুর সহ বাঁকুড়া শহরেও বৃষ্টিকে উপেক্ষা করে ঈদের নামাজ আদায় করেছেন বহু মানুষ।

পুরুলিয়ার ঝালদা, মুর্শিদাবাদের বহরমপু, বেলডাঙা, ডোমকল ও নওদাতে ঈদের নামাজ অনুষ্ঠিত হয়। তবে বর্ধমান শহরের টাউন হলে বৃষ্টির জন্য ঈদের জমায়েত হয়নি।

---------------------

ঘূর্ণাবর্ত ও বঙ্গোপসাগর থেকে প্রচুর পরিমাণ জলীয় বাষ্প স্থলভাগে ঢোকার কারণে রাজ্যের বিভিন্ন জেলায় গতকাল দুপুরের পর থেকেই দফায় দফায় বৃষ্টি হচ্ছে। কলকাতাতেও সন্ধ্যের পর থেকে বিক্ষিপ্তভাবে বৃষ্টির কারণে এক ধাক্কায় নেমেছে তাপমাত্রা পারদ। আজ সকাল সাড়ে পাঁচটা পর্যন্ত গত ২৪ ঘন্টায় আলিপুরে প্রায় ১৫ মিলিমিটার বৃষ্টি রেকর্ড করা হয়েছে। সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৯ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে চার ডিগ্রী কম।

এদিকে, আজও বাঁকুড়া, পূর্ব বর্ধমান, পুরুলিয়া, হাওড়া, হুগলি, নদিয়া ও মুর্শিদাবাদ জেলায় ৬০ থেকে ৭০ কিলোমিটার বেগে দমকা হাওয়া এবং বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। দমকা হওয়ার গতিবেগ কোথাও কোথাও ৮০ কিলোমিটার পর্যন্ত হতে পারে। ঝোড়ো হওয়ার কারণে মৎস্যজীবীদের আজ পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

অন্যদিকে, উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও  আলিপুরদুয়ার জেলায় বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বৃষ্টি এবং দার্জিলিং  ও কোচবিহার জেলায় ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

---------------------- ----------------------